

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
ইউনিট-১৮
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.১০১.১১.০০৬.২৪-৯৬

তারিখ : ০১ চৈত্র ১৪৩২
১৫ মার্চ ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের 'আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আরএমই)/সহকারী প্রকৌশলী' (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষা।

খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের 'আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আরএমই)/সহকারী প্রকৌশলী' (৯ম গ্রেড) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নে উল্লিখিত হলে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার স্থল	রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা
আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আরএমই)/সহকারী প্রকৌশলী (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-২৭ বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২০২৫)	০৬.০৪.২০২৬ (সোমবার) দুপুর ১২:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা	000001-500085
		বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (ভল্টরুম-২ এর সামনে), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	500096-800100


লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

- লিখিত পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ০২ ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূঁয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষার কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ্য মোবাইল ফোন বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস, গহনা, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও ব্যাংক কার্ড আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উল্লিখিত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী কোনো পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ২৯.০৩.২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১ বরাবর ২ কপি রঙিন ছবি ও প্রতিবন্ধিতার স্বপক্ষে সমাজসেবা অধিদপ্তর থেকে প্রদত্ত সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।



ক্রমশ/২

৮. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।
৯. পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
১০. পরীক্ষার্থীদের বাংলা-৪০ ইংরেজি-৪০ সাধারণ জ্ঞান-৪০ টেকনিক্যাল-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টা সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি ভিন্ন ভিন্ন উত্তরপত্র প্রদান করা হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয় কোড অবশ্যই লিখতে হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় অংশে কিছু লিখবেন না; লিখলে উত্তরপত্র বাতিল হবে।
১১. পরীক্ষা শেষ হওয়ার পর কক্ষ পরিদর্শক উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। কক্ষ পরিদর্শক বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।
১২. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।



দিলাওয়েজ দুরদানা

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)